

২০২২ সালের ডিগ্রি ৩য় বর্ষের পরীক্ষার ফরম পূরণের সময়বৃদ্ধি

প্রতিনিধি, গাজীপুর

: মঙ্গলবার, ১০ সেপ্টেম্বর ২০২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্সের ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি করা হয়েছে।

আজ মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক ভারপ্রাপ্ত মোঃ মোস্তাফিজুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

অনলাইনে ফরম পূরণের মাধ্যমে আবেদন করার তারিখ (শিক্ষার্থী কর্তৃক) ১২ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর এবং প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার তারিখ (শিক্ষার্থী কর্তৃক) ২৯ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর করা হয়েছে।

শিক্ষার্থীদের ডাটা নিশ্চয়নের তারিখ (কলেজ কর্তৃক) ০১ অক্টোবর থেকে ০৬ অক্টোবর এবং সোনালী সেবার মাধ্যমে টাকা/ফি জমা দেয়ার তারিখ (কলেজ কর্তৃক) ০৭ অক্টোবর থেকে ০৯ অক্টোবর করা হয়েছে।

উল্লেখ্য, পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল কলেজ ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কাজ (যেমন-ফরম পূরণ, ডাটা নিশ্চয়ন, পে স্লিপ ডাউনলোড ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা ইত্যাদি) করতে পারেননি সে সকল কাজও সম্পন্ন করতে পারবেন। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে পাওয়া যাবে।